

ঝিকাতলায় জাল সার্টিফিকেট তৈরির কারখানা ॥ তিন হাজার উদ্ধার ॥ গ্রেফতার চার

হাজারীবাগ সংবাদদাতা ॥ রাজধানীর ঝিকাতলায় একটি আবাসিক বাড়িতে গড়ে উঠেছিল জাল সার্টিফিকেট তৈরির কারখানা। মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মার্কশীট, সার্টিফিকেট সবই সেখানে তৈরি হতো। বুধবার পুলিশ ওই বাড়িতে অভিযান চালিয়ে প্রায় তিন হাজার মার্কশীট ও সার্টিফিকেট উদ্ধার করে। সেই সঙ্গে পাওয়া গেছে জাল সার্টিফিকেট তৈরির বিপুল সরঞ্জাম। এই ঘটনায় জাল সার্টিফিকেট তৈরির মূল নায়কসহ চারজনকে পুলিশ গ্রেফতার করেছে। পুলিশের সন্দেহ, এই চক্রটি রাজধানীসহ সারা দেশে জাল মার্কশীট ও সার্টিফিকেটের জমজমাট কারবার গড়ে তুলেছে। পুলিশ জানায়, উদ্ধারকৃত সার্টিফিকেট ও মার্কশীটের মধ্যে এসএসসি, এইচএসসি, ডিগ্রী মাস্টার্স ও মাদ্রাসা বোর্ডের সার্টিফিকেট রয়েছে। এই সার্টিফিকেট তৈরির জন্য ব্যবহৃত কম্পিউটার, প্রিন্টার, রবার স্ট্যাম্প, সীল ক্যামেরা উদ্ধার করা হয়েছে। এ সময় পুলিশ জাল সার্টিফিকেট তৈরির মূল নায়ক আসলাম খান (২২) ছাড়াও মহসিন (২১), হাবিবুর রহমান (৬০) ও দেলোয়ার হোসেন ইসমাইল নামে তিন ক্রেতাকে ওই বাড়ি থেকে গ্রেফতার করেছে। ধৃত আসলাম পুলিশের কাছে স্বীকারোক্তিতে জানায়, সে দীর্ঘ দিন ধরে এই সার্টিফিকেট তৈরি করে বিক্রি করে আসছিল। অপর তিন ক্রেতা জানায়, তারা সবুজবাগ এলাকা থেকে সার্টিফিকেট কেনার জন্য ঝিকাতলায় এসেছিল।